রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারী ৫, ১৯৮৮

[বাংলাদেশ গেজেট, অসাধারণ, তারিখ ১লা সেপ্টেম্বর, ১৯৮০তে ইংরেজী ভাষায় প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ সচিবালয়**

**সংস্থাপন বিভাগ**

**বাস্তবায়ন কোষ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১লা সেপ্টেম্বর, ১৯৮০**

নং এস, আর, ও, ৩০৭-এল/৮০/ইডি/আইসি/এস-২-১/৮০-১১৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (শিক্ষাঃ সাধারণ শিক্ষা) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "ক্যাডার পদ" অর্থ তফসিলে অন্তর্ভুক্ত পদ ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(গ) "শিক্ষানবিস" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত ব্যক্তি ;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (শিক্ষাঃ সাধারণ শিক্ষা)।

৩। **সার্ভিস গঠন**—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (শিক্ষাঃ সাধারণ শিক্ষা) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে; যথা—

(ক) সেই সকল ব্যক্তি যাহারা ১৯৭১ সালের ২৫শে মার্চ তারিখে কিংবা তৎপূর্বে তদানীন্তন পূর্ব পাকিস্তান জুনিয়র এডুকেশন সার্ভিস, পূর্ব পাকিস্তান এডুকেশন সার্ভিস ও পূর্ব পাকিস্তান সিনিয়র এডুকেশন সার্ভিসের সদস্য ছিলেন এবং যাহারা সাবেক কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অথবা তদোধীন শিক্ষা শাখায় এবং কারিগরী শিক্ষা ইনষ্টিটিউটসমূহের শিক্ষণ-পদ ব্যতীত অন্যান্য ১ম শ্রেণীর স্থায়ী পদে স্থায়ীভাবে নিযুক্ত হয়েছিলেন।

১["(খ) সেই সকল ব্যক্তি যাহারা, স্বাধীনতার পর বিলুপ্ত বলিয়া গণ্য না হইলে সার্ভিস ক্যাডারে অন্তর্ভুক্ত হইত এইরূপ পদে তদানীন্তন কেন্দ্রীয় সরকারী কর্মকমিশন অথবা পূর্ব পাকিস্তান সরকারী কর্মকমিশন বা বাংলাদেশ সরকারী (প্রথম) কর্ম-কমিশন বা বাংলাদেশ সরকারী (দ্বিতীয়) কর্মকমিশন অথবা কমিশন-এর কিংবা, ক্ষেত্রমত, ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর হইতে ১৯৭২ সালের ৭ই এপ্রিল তারিখের মধ্যে অথবা যে মেয়াদের মধ্যে উক্ত পদসমূহ উপরিউক্ত যে কোন কমিশনের আওতাবহির্ভূত করা হইয়াছিল সেই মেয়াদের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশ-ক্রমে ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে কিংবা তৎপরবর্তীকালে নিয়মিত ভিত্তিতে নিযুক্ত হইয়াছিলেন এবং যাহাদের চাকুরীর শর্তাবলী যে কোন সাবেক ক্যাডার সার্ভিসের বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হয়, এবং]"

(গ) সেই সকল ব্যক্তি যাহারা এই বিধিমালা অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ।**—(১) তফসিলে উল্লেখিত পদসমূহ সার্ভিসের ক্যাডারে অন্তর্ভুক্ত হইবে।

(২) তফসিলে উল্লেখিত সংখ্যক পদ হইবে সার্ভিসের ক্যাডারের প্রারম্ভিক পদের সংখ্যা এবং সরকার অর্থ মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এই ক্যাডারের পদের সংখ্যা পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ।**—রাষ্ট্রপতি অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন অফিসার কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা হইবে।

৬। **নিয়োগ পদ্ধতি।**—(১) এই সার্ভিস প্রারম্ভিকভাবে বিধি ৩(২)এর দফা (ক) এবং (খ) এর আওতাধীন ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে এবং তারপর কমিশনের সুপারিশক্রমে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং

(খ) নিয়োগ বিধিতে কোন বিধান থাকিলে তদনুযায়ী 'ফিডার' পদ হইতে পদোন্নতির মাধ্যমে সার্ভিসে নিযুক্ত ব্যক্তিগণ ইহার অন্তর্ভুক্ত হইবেন। স্কুল ও পরিদর্শন শাখা এবং কলেজ শাখা টাকা ১৪০০ হইতে টাকা ২২২৫ বেতনস্তর পর্যন্ত পৃথক থাকিবে এবং এই স্তরে দুইটি শাখা একীভূত ক্যাডার হইতে পরিদপ্তরের সমতুল্য পদ বদলীর মাধ্যমে পূরণ করা হইবে। একীভূত ক্যাডার হইতে নির্ধারিত যোগ্যতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে পদোন্নতি হইবে।

(২) ব্যতিক্রম ধর্মী ক্ষেত্রে কর্তব্য পদের ২% পর্যন্ত বহিরাগতদের অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) সার্ভিসের কোন সদস্য নূতন জাতীয় বেতন স্কেলের টাকা ১৪০০ হইতে টাকা ২২২৫ এবং টাকা ২১০০ হইতে ২৬০০ টাকার বেতন স্কেলযুক্ত কোন পদে পদোন্নতি পাইবেন না যদি তিনি নিয়োগ বিধিতে নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত পরীক্ষায় বা টেস্টে উত্তীর্ণ না হইয়া থাকেন।

(৪) সার্ভিসের কোন সদস্যকে নূতন জাতীয় বেতন স্কেলের টাকা ১৪০০ হইতে ২২২৫ টাকার বেতন দেওয়া যাইবে না যদি তাহার প্রারম্ভিক পর্যায়ের চাকরীকাল সাত বৎসর পূর্ণ না হইয়া থাকে, এবং সার্ভিসের ক্যাডারে মঞ্জুরীকৃত পদ বিদ্যমান না থাকে।

(৫) সার্ভিসের যে সকল সদস্য ২৩৫০—২৭৫০ টাকার নূতন জাতীয় বেতন স্কেলে পদোন্নতি পাইয়াছেন তাহাদিগকে সফলতার সহিত প্রশাসনিক ষ্টাফ কলেজে নিয়মিত কোর্স সম্পন্ন করিতে হইবে।

৭। যোগ্যতা।—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত নিয়োগ বিধিতে নির্ধারিত যোগ্যতাও শর্তের অনুরূপ হইবে।

৮। **শিক্ষানবিস ও স্থায়ীকরণ।**—(১) সার্ভিসে স্থায়ী শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত ব্যক্তির শিক্ষানবিসের মেয়াদ হইবে—

(ক) দুই বৎসর, যদি তিনি কমিশনের সুপারিশক্রমে সার্ভিসে সরাসরি নিযুক্ত হইয়া থাকেন; এবং

(খ) এক বৎসর, যদি তিনি পদোন্নতির মাধ্যমে নিযুক্ত হইয়া থাকেন।

সরকার শিক্ষানবিসির মেয়াদ অনধিক আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

ব্যাখ্যা।—শিক্ষানবিসির মেয়াদ সমাপ্তির পরবর্তী দিবসের মধ্যে যদি কোন আদেশ প্রদান করা না হয়, তাহা হইলে শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিক্ষানবিস হিসাবে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিকে শিক্ষানবিসির মেয়াদে সরকার কর্তৃক নির্ধারিত শর্তানুসারে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদে কোন শিক্ষানবিস সার্ভিসে থাকার অনুপযুক্ত বলিয়া প্রতীয়মান হইলে কমিশনের সহিত পরামর্শ ব্যতীতই তাহার নিয়োগের অবসান করা যাইবে।

(৪) কোন ব্যক্তিকে সার্ভিসে স্থায়ী করা হইবে না যদি তিনি তাহার শিক্ষানবিসির নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত চাকুরী না করিয়া থাকেন, সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সংগে সমাপ্ত ও বিভাগীয় পরীক্ষায় পাশ না করিয়া থাকেন এবং তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক বলিয়া প্রতীয়মান না হইয়া থাকে।

৯। জ্যেষ্ঠতা।—চাকুরীতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরকৃত মেধার ক্রমানুসারে নির্ধারিত হইবে।

১০। সাধারণ বিধি।—যে সকল বিষয়ে এই বিধিমালায় স্পষ্টরূপে কোন বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সে বিধিমালা দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত হইয়াছে বা অতঃপর প্রণীত হইতে পারে এবং তাহাদের প্রতি প্রযোজ্য হইয়াছে বা হইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজউদ্দিন আহমেদ

সচিব।

## তফসিল

(বিধি ৪ দ্রষ্টব্য)

| পদের শ্রেণী | পদের সংখ্যা (সাময়িক) |
|---|---|
| ক। পরিচালক, জনশিক্ষা ... | ১ |
| খ। যুগ্ম-পরিচালক, জনশিক্ষা ... | ১ |
| গ। উপ-পরিচালক, জনশিক্ষা (ডি ডি পি আই) ... | ৩ |
| ঘ। সহকারী পরিচালক, জনশিক্ষা (এডিপিআই) ... | ৮ |
| ঙ। উপ-সহকারী পরিচালক, জনশিক্ষা ... | ১০ |
| চ। শিক্ষা অফিসার ... | ১ |
| ছ। বিশেষজ্ঞ (প্রাপ্ত বয়স্ক শিক্ষা) ... | ১ |
| মোট ... | ২৫ |

টীকা—ক হইতে ছ পর্যন্ত ক্রমিকের পদগুলি কলেজ শাখা এবং স্কুল ও পরিদর্শন শাখার অন্তর্ভুক্ত।

**কলেজ শাখাঃ**

| | |
|---|---|
| জ। অধ্যক্ষ (সম্মান কোর্স বিশিষ্ট কলেজ) এবং স্নাতকোত্তর ডিগ্রি প্রদানকারী প্রশিক্ষণ কলেজ (টি, টি কলেজ) ... | ১৩ |
| ঝ। (১) অধ্যক্ষ, (সম্মান কোর্স বিহীন কলেজ) ... | ৩ |
| (২) পরিচালক, বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনষ্টিটিউট (বাঃ শিঃ সঃ গঃ ইনি) ... | ১ |
| (৩) অধ্যক্ষ, শিক্ষক প্রশিক্ষণ কলেজ (স্নাতকোত্তর শিক্ষাবিহীন) ... | ৩ |
| (৪) অধ্যক্ষ, আলীয়া মাদ্রাসা ... | ২ |
| (৫) প্রধান মাওলানা, আলীয়া মাদ্রাসা ... | ১ |
| মোট ... | ১০ |
| ঞ। (১) অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক কলেজ ও রেসিডেন্সিয়াল মডেল স্কুল ... | ২ |
| (২) উপাধ্যক্ষ (সম্মান কোর্স বিহীন কলেজ) ... | ৪ |
| (৩) উপাধ্যক্ষ (টি টি কলেজ) ... | ৪ |
| (৪) সহযোগী অধ্যাপক (সম্মান কোর্স বিশিষ্ট ও সাধারণ কলেজ) ... | ১৬ |
| মোট ... | ২৬ |
| ট। উপ-পরিচালক, বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনষ্টিটিউট ... | ১ |
| ঠ। (১) সহকারী অধ্যাপক ... | ১৭৮ |
| (২) পরামর্শক ... | ২ |
| (৩) বিশেষজ্ঞ, বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনষ্টিটিউট (বাঃ শিঃ সঃ গঃ ইনি) ... | ১৭ |
| (৪) সহকারী অধ্যাপক (আলীয়া মাদ্রাসা), অতিরিক্ত প্রধান মাওলানা, তত্ত্বাবধারক, হাই মাদ্রাসা। ... | ৪ |
| (৫) অধ্যক্ষ, রাজশাহী সরকারী মাদ্রাসা ... | ১ |

| পদের শ্রেণী | | পদের সংখ্যা (সাময়িক) |
|---|---|---|
| ঙ। (১) শিক্ষক প্রশিক্ষণ কলেজ, আলীয়া মাদ্রাসা এ, এফ, ই, চারু ও কারুকলা কলেজ, গার্হস্থ্য অর্থনীতি কলেজসহ কলেজসমূহের প্রভাষক | ... | ৪৬২ |
| (২) সহকারী মৌলভী (আলীয়া মাদ্রাসা) | ... | ৫ |
| মোট | ... | ৭৬৬ |
| **স্কুল ও পরিদর্শন শাখা:** | | |
| ক। (১) স্কুল পরিদর্শন (আই, এস) (এ, ডি, পি, আই পদের সহিত পরিবর্তনযোগ্য) | ... | ৪ |
| (২) স্কুল পরিদর্শিকা (আই, এস, সি) | ... | ৪ |
| (এ, ডি, পি, আই পদের সহিত পরিবর্তনযোগ্য) মোট | ... | ৮ |
| খ। (১) প্রধান শিক্ষক (সরকারী মাধ্যমিক স্কুল) | ... | ৩১ |
| (২) প্রধান শিক্ষিকা (সরকারী মাধ্যমিক স্কুল) | ... | ১৬ |
| (৩) তত্ত্বাবধায়ক, পি, টি, ইনষ্টিটিউট | ... | ২৪ |
| (৪) জেলা শিক্ষা অফিসার | ... | ১৭ |
| মোট | ... | ৮৮ |
| গ। (১) জেলা স্কুল পরিদর্শক | ... | ১৭ |
| (২) সহকারী স্কুল পরিদর্শক | ... | ৪ |
| (৩) সহকারী স্কুল পরিদর্শিকা | ... | ৪ |
| মোট | ... | ২৫ |
| ঘ। (১) সহকারী প্রধান শিক্ষক (সরকারী মাধ্যমিক স্কুল) | ... | ৩৫ |
| (২) সহকারী প্রধান শিক্ষিকা (সরকারী মাধ্যমিক স্কুল) | ... | ২৪ |
| (৩) সহকারী তত্ত্বাবধায়ক, পি, টি, ইনষ্টিটিউট | ... | ৪৭ |
| মোট | ... | ১০৬ |
| মোট | ... | ২২৭ |
| ক হইতে ছ শ্রেণী | ... | ২৫ |
| কলেজ শাখা | ... | ৭৬৬ |
| স্কুল ও পরিদর্শন শাখা | ... | ২২৭ |
| সর্বমোট | ... | ১,০১৮ |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।